



**নিলাম বিজ্ঞপ্তি**

মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতিতে নিম্ন বর্ণিত কনডেম ঘোষিত মালামালসমূহ মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ এ “যেখানে যে অবস্থায় আছে” ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠানের নিকট হইতে সীলগালা যুক্ত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্র নং	বিবরণ	দরপত্র দলিলের মূল্য (টাকা)	দরপত্র জামানত (টাকা)	দরপত্র দলিল বিক্রয়ের সময়সূচী	দরপত্র গ্রহণের সময়সূচী	দরপত্র খোলার সময়সূচী
২০-২১-মুপবিস-১৬-৩৩	ক) হার্ডওয়ার জাতীয় মালামাল	১০০০/-	দাখিলকৃত মূল্যের ২৫%	২১/০৩/২০২১খ্রিঃ হতে ০৪/০৪/২০২১খ্রিঃ তারিখ বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত	০৫/০৪/২০২১ খ্রিঃ তারিখ বেলা ১১.০০ ঘটিকা পর্যন্ত	০৫/০৪/২০২১ খ্রিঃ তারিখ বেলা ১১.০৫ ঘটিকা পর্যন্ত
২০-২১-মুপবিস-১৬-৩৪	খ) মিটার জাতীয় মালামাল ও প্লাস্টিক বিন।	১০০০/-				

**শর্তাবলীঃ**

- ০১১। আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে নিম্ন ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন এবং পবিসের নিজস্ব ওয়েবসাইট [www.pbs.munshiganj.gov.bd](http://www.pbs.munshiganj.gov.bd) -এ দরপত্র দলিল দেখতে পারবেন।
- ০২১। আগ্রহী দরদাতাগণ মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে বাংলাদেশী যে কোন তফসিলি ব্যাংক হতে ছকে বর্ণিত টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ডিডি) সংযুক্ত করতঃ মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির সিনিয়র জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটারহেড প্যাডে আবেদনের মাধ্যমে (অফিস চলাকালীন সময়ে) পরিচালক,পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।
- ০৩১। আগ্রহী দরদাতাগণ আগামী ০৫/০৪/২০২১খ্রিঃ তারিখ বেলা ১১.০০ ঘটিকার মধ্যে সীল গালাযুক্ত খামে নিলাম দরপত্র সমূহ পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-এ রক্ষিত টেন্ডার বাস্তবে দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- ০৪১। উল্লেখিত টাকার পে- অর্ডার /ব্যাংক ড্রাফট/ ব্যাংক গ্যারান্টি দরপত্র জামানত হিসেবে সংযুক্ত করতে হবে। দাখিলকৃত দরপত্রসমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী পরিচালক,পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০৫১। দরপত্র গ্রহণ/খোলার দিন যদি ছুটি ঘোষিত হয় তবে পরবর্তী অফিস খোলার দিন নির্ধারিত সময়ে দরপত্র গ্রহণ/খোলা হবে।
- ০৬১। বর্ণিত নিলাম বিক্রয়যোগ্য মালামালের ক্ষেত্রে যে কোন এক বা একাধিক ব্যক্তি/প্রতিষ্ঠান ক এবং খ গ্রুপের মালামাল এর জন্য দরপত্র দলিল ক্রয় করতে পারবেন। ক ও খ গ্রুপের মালামালের জন্য আলাদা আলাদাভাবে দরপত্র দলিল ক্রয় এবং প্রত্যেক গ্রুপের জন্য আলাদা আলাদা অথবা গ্রুপ ভিত্তিক নিরাপত্তা জামানত প্রদান করতে হবে। তবে নিলাম মালামালের ক্ষেত্রে আলাদা আলাদাভাবে প্রাপ্ত সর্বোচ্চ দরদাতাকে বিক্রয়াদেশ প্রদান করা হবে। সীল মোহরকৃত খামের উপরে স্পষ্টাক্ষরে পল্লী বিদ্যুৎ সমিতির নাম, নিলাম মালামালের বিবরণ উল্লেখ করতে হবে। নিলাম বিজ্ঞপ্তিতে উল্লেখিত দরের নিচে দাখিলকৃত কোন দর গ্রহণযোগ্য হবে না।
- ০৭১। নিলাম দরপত্র দলিলে গ্রুপ ক ও খ এর জন্য পৃথকভাবে দরপত্রের উদ্ধৃত উল্লেখিত দরের ২৫% অর্থ নিরাপত্তা জামানত (ফেরতযোগ্য) হিসেবে মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির জেনারেল ম্যানেজারের অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে দরপত্রের সাথে জমা দিতে হবে। নিরাপত্তা জামানত ব্যতীত কোন দরপত্র বিবেচনা করা হবে না। সর্বোচ্চ দরদাতার প্রদত্ত দর নিলাম কমিটির সিদ্ধান্ত মোতাবেক গ্রহণ করা হবে।
- ০৮১। কৃতকার্য নিলাম দরদাতাকে অবশ্যই অবশিষ্ট ৭৫% মূল্য এবং সরকারী নিয়মানুযায়ী মোট উদ্ধৃত দরের উপর পৃথকভাবে প্রযোজ্য হারে ভ্যাট ও অন্যান্য প্রযোজ্য উৎস কর কার্যাদেশ প্রদানের তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে নগদ/পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ পূর্বক নিজস্ব ব্যয়ে যেখানে যে অবস্থায় আছে সেখানে হতে মালামাল গ্রহণ করতে হবে। অন্যথায় নিরাপত্তা জামানত বাবদ সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে।




শেখ হাসিনার  
উদ্যোগ  
যত্নে যত্নে বিদ্যুৎ  
মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি  
সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ।  
ISO 9001:2015 Certified

  
ই-মেইল- mngpbs@yahoo.com  
ওয়েব- www.pbs.munshiganj.gov.bd

- ০৯। নিলামকৃত মালামাল প্রতিদিন (ছুটির দিন ব্যতিত) অফিস চলাকালীন সময়ে মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরে পরিদর্শন করা যাবে এবং প্রয়োজনে এতদসংক্রান্ত যাবতীয় তথ্যাদি সংগ্রহ করা যাবে।
- ১০। দরপত্রে কোন কাটাছেঁড়া/ ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। উদ্ধৃত দর অংকে ও কথায় উল্লেখ করতে হবে। শর্ত বর্হিভূত কোন সমস্যার উদ্ভব হলে সেই ক্ষেত্রে মুন্সীগঞ্জ পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১১। দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭(সাত) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।
- ১২। কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

উপরের শর্তাবলী ছাড়াও অন্যান্য শর্তাবলী বিস্তারিতভাবে সিডিউলে বর্ণিত থাকবে।

  
সিনিয়র জেনারেল ম্যানেজার  
মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি  
সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ  
ফোন নং-০২-৭৬১২৮৪৪